

- ৪। জয় মা কাঞ্চন জননী, জীবের আদর্শ মা তুমি ভবানী ।  
 ( মাগো ) প্রেমসুধা দান বাৎসল্যের খনি  
 পবিত্রতায় জীব করলে পঠন ॥
- ৫। জয় শ্রীহরির ভক্তগণ, বন্দে কুমুদ সবার চরণ ।  
 তোমারই প্রেম মহাজন জগৎ তারণ ॥

—কুমুদরঞ্জন



২৬ নং

তাল--মঙ্গলবিভাস

প্রণমি চরণে মাগো' দেবী বীণাপাণি ।

অজ্ঞানাক্ষ, চিন্তে সন্দ', তাই তোমারে নাহি চিনি ॥

- ১। প্রমথরঞ্জিনী জীবে শক্তি প্রদায়িনী,  
 নারীকুল শিরোমণি জগত জননী ॥

- ২। অসাড়কঠ রয়না যে বান্ধা, মা বলিতে হয়, তাতে কত বাঁধা,  
 মলিন চিন্তে কাঁদি বসে সদা, ঘিরেছে আমারে অশুভ শনি ॥

- ৩। ঢাকা র'লি মাগো মানবী রূপে, দয়া করে দেখা ।

তোর নিজ রূপ,

পড়ে আছি মাগো ভব অন্ধকূপে, সস্তানে তোল গো

তারিণী ॥

- ৪। কু-পুত্রের দোষে মায়ে ছাড়ে হাই,

আমি ছাড়া মাগো ( তোর ) কু-পুত্র কেহ নাই,

কি হ'বে উপায় মনে ভাবি তাই, কৃপা বিনে রক্ষা

হবে না জানি ॥